# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬৪৭

২৬/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ২৬/৪২. ডান হাতে আংটি পরা

بَاب التَّخَتُّمِ بِالْيَمِينِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ الْفَضْلِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُحَمَّدِ بْنِ عَقِيلٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ جَعْفَرٍ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - كَانَ يَتَخَتَّمُ فِي يَمِينِهِ .

বাংলা

১/৩৬৪৭। আবদুল্লাহ ইবনে জা’ফর (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর ডান হাতে আংটি পরতেন।

## English

It was narrated from ‘Abdullah bin Ja’far that the Prophet (ﷺ) used to wear a ring on his right hand.

ফুটনোট

তিরমিযী ১৭৪৪, নাসায়ী ৫২০৪, ইরওয়া ৩/৩০২, ৩০৩, মুখতাসারুশ শামাইল ৭৮। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ইবরাহীম ইবনুল ফাদল সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবুল ফাতহ আল-আযদী বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ২২৪, ২/১৬৫ নং পৃষ্ঠা) ২. আবদুল্লাহ বিন মুহাম্মাদ বিন আকীল সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায়। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। আবু দাউদ আস-সাজিসতানী তাকে দুর্বল বলেছেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় শিথিল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৫৪৩, ১৬/৭৮ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু ইবরাহীম ইবনুল ফাদল এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ২০০ টি শাহিদ হাদিস রয়েছে, ৩৪ টি খুবই দুর্বল, ৫৩ টি দুর্বল, ৪৫ টি হাসান, ৬৮ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ মুসলিম ২০৭৮, তিরমিযি ১৭৪২, ১৭৪৪, আবু দাউদ ৪২২৬, ৪২২৯, আহমাদ ১৭৪৯, ১৭৫৮, মু'জামুল আওসাত ৪৫৩৯, ৫২৯৫, আল-ফাওয়াইদ ২০৩, ২০৪, শারহুস সুন্নাহ ৩১৪১,৩১৪২, ৩১৪৩, ৩১৪৫, ৩১৪৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44611

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন